গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর

এবং

সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৮ - ৩০ জুন, ২০১৯

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ | উপক্রমণিকা | ৩ |
| ২ | অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৪ |
| ৩ | সেকশন ১: অধিদপ্তরের রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি | ৫ |
| ৪ | সেকশন ২: অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চুড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | ৬ |
| ৫ | সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৭-১০ |
| ৬ | অঙ্গীকারনামা | ১১ |
| ৭ | সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) | ১২ |
| ৮ | সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১৩ |
| ৯ | সংযোজনী ৩: কর্মসম্পাদনের লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার উপর নির্ভরশীলতা | ১৪ |

## উপক্রমণিকা (Preamble)

ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর এবং আওতাধীন মাঠ পর্যায়ের অফিসসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্য-

মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর

এবং

সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৮ সালের .................. মাসের.......................তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয় পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

# ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the Department of Immigration and Passports)

**সাম্প্রতিক অর্জন ঃ**

দেশের অভ্যন্তরে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন ৬৭টি বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিস এবং পররাষ্ট্র মন্ত্রণালয় ও দেশের বাইরে ৬৫টি বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে এমআরপি ও এমআরভি ইস্যু করার লক্ষ্যে "ইন্ট্রোডাকশন অব মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এন্ড মেশিন রিডেবল ভিসা (এমআরভি) ইন বাংলাদেশ" শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়। প্রকল্পটির মেয়াদ জুলাই ২০০৯ থেকে শুরু হয়ে জুন ২০১৮ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। ইতোমধ্যে প্রকল্পের আওতায় দেশের অভ্যন্তরে ৬৭টি বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিস, পররাষ্ট্র মন্ত্রণালয় এবং ৬৫টি বাংলাদেশ দূতাবাসে সফটওয়্যার, হার্ডওয়্যার ও নেটওয়ার্ক স্থাপনের মধ্যমে এমআরপি ও এমআরভি ইস্যু করা হচ্ছে। ২০১৮ সালের ২০ এপ্রিল পর্যন্ত ২,০৩,৭৫,৬০৫টি মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) ও ৯,৪২,৯৪৬ টি মেশিন রিডেবল ভিসা (এমআরভি) ইস্যু করা হয়েছে। এ পর্যন্ত অধিদপ্তরের রাজস্ব আয় প্রায় ১১০০০ কোটি টাকা। ICAO এর ডেডলাইন অনুসারে ২৪ নভেম্বর ২০১৫ সালের মধ্যে প্রবাসী বাংলাদেশীদের পাসপোর্ট প্রদানের লক্ষ্যে আউটসোর্সিং প্রক্রিয়ায় পাসপোর্ট প্রদান কার্যক্রম সম্পন্ন হয়েছে। অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ ইতোমধ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ নিয়ে এমআরপি ও এমআরভি সিস্টেমটি পরিচালনা করছেন। সকল জেলায় বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন নির্মাণের লক্ষ্যে প্রকল্প গ্রহণ করা হয়েছে। ৩৪টি বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিসের নিজস্ব ভবনে পাসপোর্ট প্রদানের কার্যক্রম চলছে। এর পাশাপাশি একটি পার্সোনালাইজেশন কমপ্লেক্স নির্মাণের কার্যক্রম চলছে এবং ১৭টি জেলায় নতুন ভবন নির্মাণের কার্যক্রম শুরু করা হয়েছে। অবশিষ্ট ১৬টি জেলায় নতুন ভবন নির্মাণের লক্ষ্যে ডিপিপি প্রণয়ন করে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। জনসংখ্যার ঘনত্ব ও জনগণের চাহিদার কথা বিবেচনা করে ঢাকা শহরে সৃজিত অতিরিক্তি ৪টি অফিসের মধ্যে ২টি অফিস এমআরপি প্রদান কার্যক্রম শুরু করেছে। তাছাড়া প্রবাসী বাংলাদেশীদের পাসপোর্ট পেতে দীর্ঘ বিলম্বের বিষয়টি বিবেচনা করে বেসরকারি কুরিয়ার সার্ভিস ফেডএক্স'র সাথে চুক্তি'র মাধ্যমে ৩ থেকে ৫ দিনের মধ্যে বিদেশস্থ মিশনসমূহে আবেদনকারী প্রবাসী বাংলাদেশিদের হাতে পাসপোর্ট পৌঁছে দেওয়া হচ্ছে। ফলে বিদেশস্থ মিশনসমূহে আবেদনকারী প্রবাসী বাংলাদেশীদের হাতে খুব সহজেই পাসপোর্ট পৌঁছে দেওয়া সম্ভব হচ্ছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এর নির্দেশে বাংলাদেশ সেনাবাহিনী, বিজিবি, আনসার ও স্থানীয় প্রশাসনের সহযোগিতায় ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের তত্ত্বাবধানে বাংলাদেশ ভূখন্ডে আশ্রয়প্রার্থী মিয়ানমারের রোহিঙ্গা মুসলিমদের ২০ এপ্রিল ২০১৮ পর্যন্ত ১১,০৬,৩৯২ জনের বায়োমেট্রিক তথ্য নিবন্ধিত হয়েছে।

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহ ঃ**

বাংলাদেশী নাগরিকদের পাসপোর্ট প্রদান এবং বাংলাদেশে ভ্রমণেচ্ছু বিদেশি নাগরিকদের ভিসা প্রদান ও ভিসার মেয়াদ বৃদ্ধি করাই ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রধান দায়িত্ব। দেশে ও বিদেশে বাংলাদেশ মিশনসমূহ হতে মেশিন রিডেবল পাসপোর্ট(এমআরপি) ও মেশিন রিডেবল ভিসা(এমআরভি) প্রদান কার্যক্রম শুরু করার ফলে অধিদপ্তরের কার্যপরিধি বৃদ্ধি পেয়েছে। অধিদপ্তরের কার্যক্রম ও সেবার পরিধি বৃদ্ধির সাথে সংগতিপূর্ণ জনবলের অভাব, যানবাহনের স্বল্পতা এবং সীমিত আনুষঙ্গিক সুযোগ সুবিধার মাধ্যমে উক্ত দায়িত্ব যথাযথভাবে পালন করা একটি বড় চ্যালেঞ্জ। এছাড়াও অধিদপ্তরের দায়িত্বসমূহ যথাযথভাবে পালন করার ক্ষেত্রে সমস্যা ও চ্যালেঞ্জসমূহ হলো: পাসপোর্ট প্রত্যাশীদের সচেতনতার অভাব, দালাল ও প্রতারকদের দ্বারা হয়রানি প্রতিরোধ করা, পাসপোর্ট আবেদনের ক্ষেত্রে ভূয়া সত্যায়নে আবেদনপত্র জমা করার প্রবণতা, ভুল জাতীয় পরিচয়পত্র ও জন্মসনদ আবেদনপত্রে সংযোজন করা, একই ব্যক্তির ভিন্ন ভিন্ন তথ্য দিয়ে পাসপোর্টের আবেদন করার প্রবণতা, সময় মতো পুলিশ প্রতিবেদন না পাওয়া ও অসম্পূর্ণ পুলিশ প্রতিবেদন প্রেরণ এবং বিদেশে বাংলাদেশ মিশন সমূহে অধিদপ্তরের জনবল না থাকায় প্রবাসী বাংলাদেশীদের পাসপোর্ট প্রদানে বিভিন্ন জটিলতা ও ধীরগতি।

**ভবিষ্যৎ পরিকল্পনা ঃ**

ই-পাসপোর্ট প্রবর্তন এবং এয়ারপোর্ট সমূহে ই-গেইট (e-Gate) স্থাপনের মাধ্যমে সহজে ইমিগ্রেশন সম্পন্নকরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়া ১৬টি জেলায় পাসপোর্ট অফিস ভবন, প্রধান কার্যালয়ের জন্য স্বতন্ত্র স্থানে নিজস্ব ভবন নির্মাণ এবং ইমিগ্রেশন ও পাসপোর্ট প্রশিক্ষণ কেন্দ্রের ভবন নির্মাণ, পাসপোর্ট আইন-২০১৮ ও ইমিগ্রেশন আইন প্রণয়ন, পাসপোর্টের মেয়াদ ১০ বছরে উন্নীতকরণ, পাসপোর্টের আবেদন ফরমে সত্যায়নের বিধান বাতিল করা, স্মার্ট কার্ড প্রাপ্ত বাংলাদেশী নাগরিকদের পুলিশ প্রতিবেদন স্থগিত রেখে এমআরপি প্রদান, সাংগঠনিক কাঠামো সম্প্রসারণ ও শূণ্য পদে নিয়োগ সম্পন্ন করা, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে পাসপোর্ট ও ভিসা উইং-এ অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী নিয়োগ, মহাপরিচালকসহ কর্মকর্তা-কর্মচারীদের পরিবহন ও আবাসিক সমস্যার সমাধান, সকল স্থল/নৌ/বিমানবন্দরের ইমিগ্রেশন কার্যক্রমে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী পদায়ন, অধিদপ্তরের ১ম শ্রেণীর পদসমূহ ক্যাডারভুক্তিকরণ এবং ই-ভিসা(e-Visa) চালুকরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।

**২০১৮-২০১৯ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

- পাসপোর্টের বিধিবিধান অনুসরণ করে AFIS ভেরিফিকেশনের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে মেশিন রিডেবল পাসপোর্ট(এমআরপি) ইস্যুকরণের হার বৃদ্ধিকরণ; সম্ভাব্য ইস্যুকৃত এমআরপি ৩৫,১৮,০০০টি;
- ভিসা নীতিমালা ও গোয়েন্দা তথ্যের ভিত্তিতে নির্ধারিত সময়ের মধ্যে মেশিন রিডেবল ভিসা (এমআরভি) ইস্যুকরণের হার বৃদ্ধিকরণ; সম্ভাব্য ইস্যুকৃত এমআরভি ৩,৮০,০০০টি;
- MOU এর মাধ্যমে ই-পাসপোর্ট প্রকল্পের কার্যক্রম শুরু করা;
- আরো ১৬(ষোল)টি পাসপোর্ট অফিস ভবন, প্রধান কার্যালয়ের স্বতন্ত্র ভবন এবং ইমিগ্রেশন ও পাসপোর্ট প্রশিক্ষণ কেন্দ্রের নির্মাণ কাজ শুরু করা;
- নবনির্মিত পার্সোনালাইজেশন কমপ্লেক্সে কার্যক্রম চালু করা।

## সেকশন-১

### অধিদপ্তরের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ঃ

**১.১ রূপকল্প (Vision)ঃ**

বাংলাদেশী নাগরিকদের বহির্বিশ্বে ভ্রমণ নিরাপদ করা এবং ইমিগ্রেশন প্রক্রিয়া সহজতর করা।

**১.২ অভিলক্ষ্য (Mission)ঃ**

বহির্বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি সমুজ্জল করা এবং বাংলাদেশী নাগরিকদের বহির্বিশ্বে ভ্রমণ নিরাপদ করার লক্ষ্যে পাসপোর্ট প্রত্যাশী সকল বাংলাদেশী নাগরিককে সহজে ও দ্রুততম সময়ে আন্তর্জাতিক মানসম্পন্ন পাসপোর্ট প্রদান এবং বিদেশিদের বাংলাদেশে গমনাগমন/অবস্থানের জন্য আন্তর্জাতিক মানসম্পন্ন ভিসা প্রদান, ভিসা ইস্যু প্রক্রিয়া যুগোপযোগীকরণ এবং এয়ারপোর্ট সমূহে ই-গেইট (e-Gate) প্রবর্তনের মাধ্যমে সহজে ও দ্রুততম সময়ে ইমিগ্রেশন সম্পন্নকরণ ।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)ঃ**

১.৩.১ সহজ ও দ্রুততম উপায়ে নির্ভুল পাসপোর্ট ইস্যুর মাধ্যমে বাংলাদেশী নাগরিকদের বিদেশ গমনাগমন নিরাপদ ও সহজীকরণ;
১.৩.২ বিদেশীদের বাংলাদেশে অবস্থান ও গমনাগমন সহজীকরণের লক্ষ্যে দ্রুততম সময়ে ভিসা প্রদান;
১.৩.৩ ইমিগ্রেশন প্রক্রিয়া সহজ ও যুগোপযোগীকরণ;
১.৩.৪ পাসপোর্ট ও ভিসা ব্যবস্থাপনা আধুনিকায়ন;
১.৩.৫ অবকাঠামোগত উন্নয়ন;
১.৩.৬ প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি।

**১.৪ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:**

১.৪.১ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ;
১.৪.২ কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন;
১.৪.৩ আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন;
১.৪.৪ জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ।

**১.৫ কার্যাবলি (Functions):**

১.৫.১ বাংলাদেশী নাগরিকদের অর্ডিনারী, অফিসিয়াল ও ডিপ্লোমেটিক পাসপোর্ট প্রদান;
১.৫.২ বিদেশি নাগরিকদের বিভিন্ন শ্রেণীর ভিসার মেয়াদ বৃদ্ধিকরণ;
১.৫.৩ বিদেশি নাগরিকদের অন এরাইভাল ভিসা প্রদান;
১.৫.৪ বাংলাদেশী বংশোদ্ভুত বিদেশি নাগরিকদের নো ভিসা প্রদান;
১.৫.৫ সার্ক ভিসা এক্সাম্পশন স্টিকার প্রদান;
১.৫.৬ কালো তালিকা সংরক্ষণ;
১.৫.৭ ভিসার জন্য বিদেশি নাগরকিদের কালো তালিকাভুক্তকরণ;
১.৫.৮ প্রযোজ্য ক্ষেত্রে পাসপোর্ট বাতিল, আটক ও রহিতকরণ;
১.৫.৯ এমআরপি পার্সোনালাইজড করে দেশে ও মিশনসমূহে সরবরাহকরণ;
১.৫.১০ পাসপোর্ট বুকলেট ও ভিসা স্টিকার ক্রয় প্রক্রিয়াকরণ করা;
১.৫.১১ বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে এমআরপি আবেদন ফরম, ভিসা স্টিকার ও ট্রাভেল পারমিট সরবরাহকরণ;
১.৫.১২ বিদেশিদের পরিচিতি সনদ (Certificate of Identify) প্রদান;
১.৫.১৩ বিদেশি নাগরিকদের বাংলাদেশ হতে বহির্গমনের জন্য রুট পরিবর্তন অনুমতি (Route Change Permit) দেওয়া;
১.৫.১৪ বিদেশস্থ বাংলাদেশ মিশনের Consular Wing এর কার্যক্রমের সাথে সমন্বয়সাধন করা;
১.৫.১৫ পাসপোর্ট ও ভিসা ইস্যুর ক্ষেত্রে সরকারের হালনাগাদ নীতিমালা ও বাস্তবায়ন পদ্ধতি মিশনগুলোকে অবহিত করা;
১.৫.১৬ বাংলাদেশ সরকার কর্তৃক নির্ধারিত যেকোনো দায়িত্ব পালন করা ইত্যাদি।

## সেকশন-২

## অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল /প্রভাব (Outcome/Impact) | চূড়ান্ত ফলাফল সূচক (Performance indicator) | একক(Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৮-১৯ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ * | | ২০১৯-২০ | ২০২০-২১ | | |
| ১. নির্ধারিত সময়ে এমআরপি ইস্যুকরণের হার বৃদ্ধি | [১.১] নির্ধারিত সময়ে ইস্যুকৃত এমআরপি | সংখ্যা | ৩২৭৫৯৫৮ | ৩৪৮১৫০০ | ৩৫১৮০০০ | ৩৫৩৮০০০ | ৩৫৬৫০০০ | ১. বাংলাদেশ ডাক বিভাগ<br>২. ফেডারেল এক্সপ্রেস<br>৩. বাংলাদেশ পুলিশের বিশেষ শাখা | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কেন্দ্রীয় ডাটাবেজ/বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিস হতে প্রাপ্ত প্রতিবেদন |
| ২. নির্ধারিত সময়ে এমআরভি ইস্যুকরণের হার বৃদ্ধি | [২.১] নির্ধারিত সময়ে ইস্যুকৃত এমআরভি | সংখ্যা | ১৫৬৬৮০ | ৩৫২০৫০ | ৩৮০০০০ | ৩৯০০০০ | ৪০০০০০ | বাংলাদেশ পুলিশের বিশেষ শাখা | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কেন্দ্রীয় ডাটাবেজ/বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস হতে প্রাপ্ত প্রতিবেদন |

*সাময়িক

## সেকশন-৩

## কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহঃ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা / নির্ণায়ক ২০১৮-২০১৯ (Target/Criteria Value for FY 2018-2019) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২০২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮* | অসাধারন (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতিমান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ:(মোট মান ৭৫)** | | | | | | | | | | | | | | |
| ১. সহজ ও দ্রুততম উপায়ে নির্ভুল পাসপোর্ট ইস্যুর মাধ্যমে বাংলাদেশী নাগরিকদের বিদেশ গমনাগমন নিরাপদ ও সহজীকরণ | ৩০ | [১.১] নির্ধারিত সময়ে এমআরপি ইস্যুর হার বৃদ্ধি | [১.১.১] নির্ধারিত সময়ে তদন্তে প্রেরণকৃত আবেদন | সংখ্যা | ৪ | ১৬৭৮৫৭৭ | ১৮১০০০০ | ১৮২৫০০০ | ১৮২০০০০ | ১৮১৫০০০ | ১৮১০০০০ | ১৬৭৮৫৭৭ | ১৮৩৫০০০ | ১৮৪৫০০০ |
| | | | [১.১.২] নির্ধারিত সময়ে GO/NOC যাচাইকৃত আবেদন | সংখ্যা | ২ | ৫৯৩৯১২ | ৮২৭০০০ | ৮৩৪০০০ | ৮৩২০০০ | ৮৩০০০০ | ৮২৭০০০ | ৫৯৩৯১২ | ৮৩৬০০০ | ৮৩৮০০০ |
| | | [১.২] সচেতনতা বৃদ্ধির মাধ্যমে AFIS/ ডেমোগ্রাফিক রিজেকশনের হার হ্রাস করা | [১.২.১] সচেতনতা বৃদ্ধির মাধ্যমে AFIS/ডেমোগ্রাফিক রিজেকশনের হার হ্রাসকৃত | % | ৩ | - | - | ৪ | ৬ | ৮ | ১০ | - | ২ | ১ |
| | | [১.৩] নির্ধারিত সময়ে পার্সোনালাইজড পাসপোর্ট গ্রাহকের প্রাপ্তি নিশ্চিতকরণ | [১.৩.১] নির্ধারিত সময়ে ডাকবিভাগ কর্তৃক সংশ্লিষ্ট বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিসে হস্তান্তরকৃত পার্সোনালাইজড পাসপোর্ট | সংখ্যা | ৫ | ৩২৭৫৯৫৮ | ২৬০৩০০০ | ২৬৩৩০০০ | ২৬২৩০০০ | ২৬১৩০০০ | ২৬০৩০০০ | ২৬০০০০০ | ২৬৫০০০০ | ২৬৭০০০০ |
| | | | [১.৩.২] নির্ধারিত সময়ে ফেডারেল এক্সপ্রেস কর্তৃক সংশ্লিষ্ট বিদেশস্থ মিশনসমূহে হস্তান্তরকৃত পার্সোনালাইজড পাসপোর্ট | সংখ্যা | ৩ | -- | ৮৭৮৫০০ | ৮৮৫০০০ | ৮৮২৫০০ | ৮৮০৫০০ | ৮৭৮৫০০ | ৮৭৫৫০০ | ৮৮৮০০০ | ৮৯৫০০০ |
| | | [১.৪] এমআরপি কভারেজ বৃদ্ধি | [১.৪.১] মোট জনসংখ্যার অনুপাতে এমআরপি ইস্যুর হার বৃদ্ধি | % | ৫ | ১০.৩০ | ১২.৭০ | ১৫.৭০ | ১৪.৭০ | ১৩.৭০ | ১২.৭০ | - | ১৮.২০ | ২১ |
| | | [১.৫] বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহের মাধ্যমে এমআরপি কার্যক্রম সম্প্রসারণ | [১.৫.১] বিদেশস্থ মিশনসমূহে সম্প্রসারিত এমআরপি কার্যক্রম | মিশনের সংখ্যা | ৩ | ২০ | ১৫ | ০৬ | ০৫ | ০৪ | ০৩ | ০১ | - | - |
| | | [১.৬] MOU এর মাধ্যমে ই-পাসপোর্ট প্রকল্পের কার্যক্রম শুরু করা | [১.৬.১] ই-পাসপোর্ট প্রকল্পের কার্যক্রম শুরু | তারিখ | ৫ | - | - | ৩১ জানুয়ারি ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি ২০১৯ | ৩১ মার্চ ২০১৯ | ৩০ এপ্রিল ২০১৯ | ৩০ মে ২০১৯ | | |
| ২. বিদেশীদের বাংলাদেশে অবস্থান ও গমনাগমন সহজীকরণের লক্ষ্যে দ্রুততম সময়ে ভিসা প্রদান | ১০ | [২.১] নির্ধারিত সময়ে এমআরভি ইস্যুকরণ ও দেশত্যাগের অনুমতি প্রদান | [২.১.১] নির্ধারিত সময়ে তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে ইস্যুকৃত এমআরভি অথবা দেশত্যাগের অনুমতি | সংখ্যা | ৭ | ১৫৬৬৮০ | ৩৫২০৫০ | ৩৮০০০০ | ৩৭০০০০ | ৩৬০০০০ | ৩৫২০৫০ | ১৫৬৬৮০ | ৩৯০০০০ | ৪০০০০০ |
| | | [২.২] বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহের মাধ্যমে এমআরভি কার্যক্রম সম্প্রসারণ | [২.২.১) বিদেশস্থ মিশনসমূহে সম্প্রসারিত এমআরভি কার্যক্রম | মিশনের সংখ্যা | ৩ | ২০ | ১৫ | ০৬ | ০৫ | ০৪ | ০৩ | ০১ | - | - |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা / নির্ণায়ক ২০১৮-২০১৯ (Target/Criteria Value for FY 2018-2019) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২০২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮* | অসাধারন (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতিমান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ৩. ইমিগ্রেশন প্রক্রিয়া সহজ ও যুগোপযোগীকরণ | ৫ | [৩.১] হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ই-গেইট স্থাপন | [৩.১.১] ই-গেইট স্থাপিত | তারিখ | ৫ | - | - | ১৫ এপ্রিল ২০১৯ | ৩০ এপ্রিল ২০১৯ | ১৫ মে ২০১৯ | ৩১ মে ২০১৯ | | - | - |
| ৪. পাসপোর্ট ও ভিসা ব্যবস্থাপনা আধুনিকায়ন | ১০ | [৪.১] দেশের অভ্যন্তরে এমআরভি ফিস অনলাইন প্রক্রিয়ায় জমা করার ব্যবস্থা চালুকরণ | [৪.১.১] দেশের অভ্যন্তরে এমআরভি ফিস অনলাইন প্রক্রিয়ায় জমা করার ব্যবস্থা চালুকৃত | তারিখ | ২ | - | - | ২৮ ফেব্রুয়ারি ২০১৯ | ৩১ মার্চ ২০১৯ | ৩০ এপ্রিল ২০১৯ | ৩১ মে ২০১৯ | | | |
| | | [৪.২] অনলাইনে এমআরপি আবেদনের হার বৃদ্ধিকরণ | [৪.২.১] অনলাইনে এমআরপি আবেদনের হার বৃদ্ধি | % | ৩ | ১৫ | ৩০ | ৭৫ | ৬০ | ৪৫ | ৩০ | - | ১০০ | - |
| | | [৪.৩] অনলাইন ব্যাংকিং কার্যক্রম জোরদারকরণ | [৪.৩.১] অনলাইন ব্যাংকের মাধ্যমে এমআরপি ফিস জমার হার বৃদ্ধি | % | ৩ | ২০ | ৩০ | ৬০ | ৫০ | ৪০ | ৩০ | - | ৮০ | ১০০ |
| | | [৪.৪] পর্যায়ক্রমে সকল অফিসে ইলেক্ট্রনিক কিউ সিস্টেম চালুকরণ | [৪.৪.১] পর্যায়ক্রমে সকল অফিসে ইলেক্ট্রনিক কিউ সিস্টেম চালুকৃত | সংখ্যা | ২ | - | ১ | ৭ | ৫ | ৩ | ১ | - | ১৫ | ৩০ |
| ৫. অবকাঠামোগত উন্নয়ন | ১০ | [৫.১] ১৭ টি আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন নির্মাণ কাজ সম্পন্নকরণ | [৫.১.১] ১৭ টি আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন নির্মাণ কাজ সম্পন্নকৃত | % | ২.৫ | ২০ | ৪০ | ৮০ | ৬৫ | ৫০ | ৪০ | | ১০০ | |
| | | [৫.২] পার্সোনালাইজেশন কমপ্লেক্স নির্মাণ কাজ সম্পন্নকরণ | [৫.২.১] পার্সোনালাইজেশন কমপ্লেক্স নির্মাণ কাজ সম্পন্নকৃত | % | ২.৫ | ৩০ | ৬০ | ১০০ | ৯০ | ৮০ | ৬০ | - | | |
| | | [৫.৩] ১৬টি আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন নির্মাণ | [৫.৩.১] ১৬টি আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন নির্মাণ কাজ শুরু করা | তারিখ | ২.৫ | - | - | ৩১জানুয়ারি ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি ২০১৯ | ৩১ মার্চ ২০১৯ | ৩০ এপ্রিল ২০১৯ | | | |
| | | [৫.৪] প্রধান কার্যালয়ের স্বতন্ত্র ভবন নির্মাণ | [৫.৪.১] প্রধান কার্যালয়ের স্বতন্ত্র ভবন নির্মাণের ডিপিপি অনুমোদন | তারিখ | ২.৫ | - | - | ৩১ ডিসেম্বর ২০১৮ | ৩১জানুয়ারি ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি ২০১৯ | ৩১ মার্চ ২০১৯ | - | | |
| ৬. প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি | ১০ | [৬.১] প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ইমিগ্রেশন ও পাসপোর্ট প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ | [৬.১.১] ইমিগ্রেশন ও পাসপোর্ট প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের ডিপিপি অনুমোদন | তারিখ | ১০ | - | - | ৩১ ডিসেম্বর ২০১৮ | ৩১জানুয়ারি ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি ২০১৯ | ৩১ মার্চ ২০১৯ | - | | |

*সাময়িক

## সেকশন-৩

## কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহঃ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদনসূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান ২০১৮-২০১৯ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারন (Excellent) | অতিউত্তম (Very Good) | উত্তম (Good) | চলতিমান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:(মোট মান ২৫) | | | | | | | | | | |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | মাঠ পর্যায়ের কার্যালয়ের সঙ্গে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড | বার্ষিক কর্মস্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ০.৫ | ২০ জুন, ২০১৮ | ২১ জুন, ২০১৮ | ২৪ জুন, ২০১৮ | | |
| | | ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০.৫ | ১৭ জানুয়ারি, ২০১৯ | ২০ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ | ২২ জানুয়ারি, ২০১৯ | ২৩ জানুয়ারি, ২০১৯ |
| | | মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) মন্ত্রণালয়/বিভাগে | ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | ১ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ৩১ জানুয়ারি, ২০১৯ | ০৪ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘণ্টা* | ১ | ৬০ | - | - | - | - |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত** | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে নথি জারিকৃত*** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | দপ্তর/সংস্থা কর্তৃক অনলাইন সেবা চালু করা | ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ১ | ১০ জানুয়ারি, ২০১৯ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ২৮ জানুয়ারি, ২০১৯ | ৩১ মার্চ, ২০১৯ | ৩০ এপ্রিল, ২০১৯ |
| | | দপ্তর/সংস্থা ও অধীনস্ত কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) সমূহের হালনাগাদকৃত ডাটাবেইজ ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | | ডাটাবেজ অনুযায়ী ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ০৮ এপ্রিল, ২০১৯ | ২২ এপ্রিল, ২০১৯ | ০২ মে, ২০১৯ | ১৬ মে, ২০১৯ | ৩০ মে, ২০১৯ |
| | | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেনস চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি. ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত | % | ০.৫ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদনসূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান ২০১৮-২০১৯ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারন (Excellent) | অতিউত্তম (Very Good) | উত্তম (Good) | চলতিমান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | পিআরএল শুধুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি করা | পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়নপত্র জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৯ | অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ত্রিপক্ষীয় সভায় অডিট আপত্তি নিস্পত্তি জন্য সুপারিশকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিস্পত্তিকরণ | নিস্পত্তিকৃত | তারিখ | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | নিয়োগ প্রদানকৃত | সংখ্যা | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন **** | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় অন্তর্ভূক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | সকল অনলাইন সেবা তথ্য বাতায়ন সংযোজিত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | দপ্তর/সংস্থার ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৮ অক্টোবর, ২০১৮ | ৩১ অক্টোবর, ২০১৮ | ১৫ নভেম্বর, ২০১৮ | ২৯ নভেম্বর, ২০১৮ | ০৬ ডিসেম্বর, ২০১৮ |

*জনপ্রশাসন প্রশিক্ষণ ম্যানুয়াল অনুযায়ী উক্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

**মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

***মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

****মন্ত্রিপরিষদ বিভাগরে শুদ্ধাচার অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

আমি, মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, সুরক্ষা সেবা বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসাবে মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

২০.৬.২০১৮

মহাপরিচালক
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর

তারিখ

২০.৬.১৮

সচিব
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

তারিখ

**শব্দসংক্ষেপ (Acronyms):**

| ক্রমিক নং | আদ্যক্ষর | পূর্ণবিবরণ |
|---|---|---|
| ১ | AFIS | Automated Finger-Print Identification System |
| ২ | DPP | Development Project Proposal |
| ৩ | GO | Government Order |
| ৪ | ICAO | International Civil Aviation Organization |
| ৫ | MRP | Machine Readable Passport |
| ৬ | MRV | Machine Readable Visa |
| ৭ | NOC | No Objection Certificate |
| ৮ | SIP | Small Improvement Project |

## সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণঃ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [১.১] নির্ধারিত সময়ে এমআরপি ইস্যুকরণ | [১.১.১] নির্ধারিত সময়ে তদন্তে প্রেরণকৃত আবেদন | নির্ধারিত সময়ে এমআরপি আবেদনসমূহ তদন্তে প্রেরণ নিশ্চিত করা হয়। | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কেন্দ্রীয় ডাটাবেজ/ বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিস হতে প্রাপ্ত প্রতিবেদন | |
| | [১.১.২] GO/NOC যাচাইয়ের ভিত্তিতে ইস্যুকৃত আবেদন | আবেদনকারীর GO/NOC ইস্যুকারী কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রদর্শিত হয়েছে কিনা যাচাই করা | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর/ GO/NOC ইস্যুকারী কর্তৃপক্ষ | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কেন্দ্রীয় ডাটাবেজ/ বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিস হতে প্রাপ্ত প্রতিবেদন/ GO/NOC ইস্যুকারী কর্তৃপক্ষ | |
| [১.২] সচেতনতা বৃদ্ধির মাধ্যমে AFIS/ ডেমোগ্রাফিক রিজেকশনের হার হ্রাস করা | [১.২.১] সচেতনতা বৃদ্ধির মাধ্যমে AFIS/ ডেমোগ্রাফিক রিজেকশনের হার হ্রাস | সচেতনতা বৃদ্ধির মাধ্যমে AFIS/ ডেমোগ্রাফিক রিজেকশনের হার হ্রাস করা | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কেন্দ্রীয় ডাটাবেজ/ বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিস হতে প্রাপ্ত প্রতিবেদন | |
| [১.৩] নির্ধারিত সময়ে পার্সোনালাইজড পাসপোর্ট গ্রাহকের প্রাপ্তি নিশ্চিতকরণ | [১.৩.১] নির্ধারিত সময়ে ডাকবিভাগ কর্তৃক সংশ্লিষ্ট বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিসে হস্তান্তরকৃত পার্সোনালাইজড পাসপোর্ট | ডাক বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিসে পার্সোনালাইজড পাসপোর্ট হস্তান্তর নিশ্চিত করা | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর/ বাংলাদেশ ডাক বিভাগ | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কেন্দ্রীয় ডাটাবেজ/ বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিস সমূহের মাসিক / বার্ষিক প্রতিবেদন। | |
| | [১.৩.২] নির্ধারিত সময়ে ফেডারেল এক্সপ্রেস কর্তৃক সংশ্লিষ্ট বিদেশস্থ মিশনসমূহে হস্তান্তরকৃত পার্সোনালাইজড পাসপোর্ট | ফেডারেল এক্সপ্রেস কর্তৃক সংশ্লিষ্ট বিদেশস্থ মিশনসমূহে পার্সোনালাইজড পাসপোর্ট হস্তান্তর নিশ্চিত করা | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর/ ফেডারেল এক্সপ্রেস | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কেন্দ্রীয় ডাটাবেজ হতে প্রাপ্ত প্রতিবেদন/ ফেডারেল এক্সপ্রেস হতে প্রাপ্ত তথ্য। | |
| [১.৪] এমআরপি কভারেজ বৃদ্ধি | [১.৪.১] মোট জনসংখ্যার অনুপাতে এমআরপি ইস্যুর হার বৃদ্ধি | দেশের মোট জনসংখ্যার অনুপাতে এমআরপি ইস্যুর হার বৃদ্ধির মাধ্যমে অধিক সংখ্যক জনগণকে এমআরপি কভারেজের আওতায় আনা | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কেন্দ্রীয় ডাটাবেজ হতে প্রাপ্ত প্রতিবেদন | |
| [১.৫] বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহের মাধ্যমে এমআরপি কার্যক্রম সম্প্রসারণ | [১.৫.১] বিদেশস্থ মিশনসমূহে সম্প্রসারিত এমআরপি কার্যক্রম | অতিরিক্ত ৬টি দূতাবাসে এমআরপি কার্যক্রম চালুর মাধ্যমে এমআরপি কার্যক্রম সম্প্রসারণ | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | এমআরপি ও এমআরভি প্রকল্প ও ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রশাসন শাখা হতে প্রাপ্ত তথ্য | |
| [১.৬] MOU এর মাধ্যমে ই-পাসপোর্ট প্রকল্পের কার্যক্রম শুরু করা | [১.৬.১] ই-পাসপোর্ট প্রকল্পের কার্যক্রম শুরু | MOU এর মাধ্যমে ই-পাসপোর্ট প্রকল্পের কার্যক্রম শুরু করা | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রশাসন শাখা হতে প্রাপ্ত তথ্য | |
| [২.১] নির্ধারিত সময়ে এমআরভি ইস্যুকরণ ও দেশত্যাগের অনুমতি প্রদান | [২.১.১] নির্ধারিত সময়ে তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে ইস্যুকৃত এমআরভি অথবা দেশত্যাগের অনুমতি | যথাযথ পদক্ষেপ গ্রহণরে মাধ্যমে এমআরভি ইস্যু নিশ্চিত করা অথবা দেশত্যাগের অনুমতি প্রদান | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর/ বিশেষ শাখা, বাংলাদেশ পুলিশ | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কেন্দ্রীয় ডাটাবেজ/ বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস সমূহের বার্ষিক প্রতিবেদন/বিশেষ শাখা, বাংলাদেশ পুলিশ। | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| [৩.১] হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ই-গেইট স্থাপন | [৩.১.১] ই-গেইট স্থাপিত | ইমিগ্রেশন প্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে ই-পাসপোর্ট প্রকল্পের আওতায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ই-গেইট স্থাপন | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রশাসন শাখা হতে প্রাপ্ত তথ্য | |
| [৪.১] দেশের অভ্যন্তরে এমআরভি ফিস অনলাইন প্রক্রিয়ায় জমা করার ব্যবস্থা চালুকরণ | [৪.১.১] দেশের অভ্যন্তরে এমআরভি ফিস অনলাইন প্রক্রিয়ায় জমা করার ব্যবস্থা চালুকৃত | অধিদপ্তর কর্তৃক দেশের অভ্যন্তরে এমআরভি ফিস অনলাইন প্রক্রিয়ায় জমা করার ব্যবস্থা গ্রহণ | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ভিসা শাখা হতে প্রাপ্ত তথ্য | |
| [৪.২] অনলাইনে এমআরপি আবেদনের হার বৃদ্ধিকরণ | [৪.২.১] অনলাইনে এমআরপি আবেদনের হার বৃদ্ধি | সচেতনতা বৃদ্ধির মাধ্যমে অনলাইনে এমআরপি আবেদনের হার বৃদ্ধিকরণ | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কেন্দ্রীয় ডাটাবেজ/ বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস সমূহের বার্ষিক প্রতিবেদন | |
| [৪.৩] অনলাইন ব্যাংকিং কার্যক্রম জোরদারকরণ | [৪.৩.১] অনলাইন ব্যাংকের মাধ্যমে এমআরপি ফিস জমার হার বৃদ্ধি | সচেতনতা বৃদ্ধির মাধ্যমে অনলাইন ব্যাংকের মাধ্যমে এমআরপি ফিস জমার হার বৃদ্ধি করা | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কেন্দ্রীয় ডাটাবেজ/ বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস সমূহের বার্ষিক প্রতিবেদন | |
| [৪.৪] পর্যায়ক্রমে সকল অফিসে ইলেক্ট্রনিক কিউ সিস্টেম চালুকরণ | [৪.৪.১] পর্যায়ক্রমে সকল অফিসে ইলেক্ট্রনিক কিউ সিস্টেম চালুকৃত | সেবা পদ্ধতি সহজীকরণের লক্ষ্যে পর্যায়ক্রমে সকল অফিসে ইলেক্ট্রনিক কিউ সিস্টেম চালুকরণ | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের পাসপোর্ট শাখা প্রাপ্ত তথ্য/ বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস সমূহের বার্ষিক প্রতিবেদন | |
| [৫.১] ১৭ টি আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন নির্মাণ কাজ সম্পন্নকরণ | [৫.১.১] ১৭ টি আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন নির্মাণ কাজ সম্পন্নকৃত | অধিদপ্তর কর্তৃক প্রকল্পের আওতায় ১৭ টি আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন নির্মাণ কাজ সম্পন্নকরণ | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর / ১৭ টি আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন নির্মাণ প্রকল্প | ১৭ টি আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন নির্মাণ প্রকল্প হতে প্রাপ্ত প্রতিবেদন | |
| [৫.২] পার্সোনালাইজেশন কমপ্লেক্স নির্মাণ কাজ সম্পন্নকরণ | [৫.২.১] পার্সোনালাইজেশন কমপ্লেক্স নির্মাণ কাজ সম্পন্নকৃত | অধিদপ্তর কর্তৃক প্রকল্পের আওতায় পার্সোনালাইজেশন কমপ্লেক্স নির্মাণ কাজ সম্পন্নকরণ | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর/ পাসপোর্ট পার্সোনালাইজেশন কমপ্লেক্স নির্মাণ প্রকল্প | পাসপোর্ট পার্সোনালাইজেশন কমপ্লেক্স নির্মাণ প্রকল্প হতে প্রাপ্ত প্রতিবেদন | |
| [৫.৩] ১৬টি আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন নির্মাণ | [৫.৩.১] ১৬টি আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন নির্মাণ কাজ শুরু করা | অধিদপ্তর কর্তৃক ১৬টি আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন নির্মাণ প্রকল্পের ডিপিপি প্রস্তুত করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করে কার্যক্রম শুরু করা | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রশাসন শাখা হতে প্রাপ্ত তথ্য | |
| [৫.৪] প্রধান কার্যালয়ের স্বতন্ত্র ভবন নির্মাণ | [৫.৪.১] প্রধান কার্যালয়ের স্বতন্ত্র ভবন নির্মাণের ডিপিপি অনুমোদন | অধিদপ্তর কর্তৃক প্রধান কার্যালয়ের স্বতন্ত্র ভবন নির্মাণের ডিপিপি প্রস্তুত করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রশাসন শাখা হতে প্রাপ্ত তথ্য | |
| [৬.১] প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ইমিগ্রেশন ও পাসপোর্ট প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ | [৬.১.১] ইমিগ্রেশন ও পাসপোর্ট প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের ডিপিপি অনুমোদন | অধিদপ্তর কর্তৃক ইমিগ্রেশন ও পাসপোর্ট প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের ডিপিপি প্রস্তুত করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রশাসন শাখা হতে প্রাপ্ত তথ্য | |

# সংযোজনী ৩

## অন্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ:

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| বাংলাদেশ পুলিশ | [১.১] নির্ধারিত সময়ে এমআরপি ইস্যুর হার বৃদ্ধি<br>[২.১] নির্ধারিত সময়ে এমআরভি ইস্যুকরণ ও দেশত্যাগের অনুমতি প্রদান | [১.১.১] নির্ধারিত সময়ে তদন্তে প্রেরণকৃত আবেদন<br>[২.১.১] নির্ধারিত সময়ে তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে ইস্যুকৃত এমআরভি অথবা দেশত্যাগের অনুমতি | পুলিশ বিভাগ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পুলিশ ক্লিয়ারেন্স ও ভেরিফিকেশন নিশ্চিত করা। | প্রাপ্ত অনুকূল পুলিশ প্রতিবেদনের ভিত্তিতে বাংলাদেশী নাগরিকদের জন্য এমআরপি ইস্যুকরণ এবং বিদেশীদের বাংলাদেশে অবস্থান ও গমনাগমন সহজীকরণের লক্ষ্যে দ্রুততম সময়ে ভিসার মেয়াদ বৃদ্ধি ও দেশত্যাগের অনুমতি প্রদান। | পাসপোর্ট ইস্যুকরণে/ ভিসার মেয়াদ বৃদ্ধিকরণে নির্ধারিত সময়ের বেশী সময় লাগতে পারে। |
| GO/NOC ইস্যুকারী কর্তৃপক্ষ | [১.১] নির্ধারিত সময়ে এমআরপি ইস্যুর হার বৃদ্ধি | [১.১.২] নির্ধারিত সময়ে GO/NOC যাচাইকৃত আবেদন | নির্ধারিত সময়ে ইস্যুকৃত GO/NOC ওয়েবসাইটে প্রদর্শন নিশ্চিত করা। | ইস্যুকৃত GO/NOC ইস্যুকারী কর্তৃপক্ষের ওয়েবসাইটে যাচাই করে এমআরপি ইস্যু করা হয়। | পাসপোর্ট ইস্যুকরণে নির্ধারিত সময়ের বেশী সময় লাগতে পারে। |
| বাংলাদেশ ডাক বিভাগ | [১.৩] নির্ধারিত সময়ে পার্সোনালাইজড পাসপোর্ট গ্রাহকের প্রাপ্তি নিশ্চিতকরণ | [১.৩.১] নির্ধারিত সময়ে ডাকবিভাগ কর্তৃক সংশ্লিষ্ট বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিসে হস্তান্তরকৃত পার্সোনালাইজড পাসপোর্ট। | ডাক বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট অফিসে পার্সোনালাইজড পাসপোর্ট হস্তান্তর নিশ্চিত করা। | নির্ধারিত সময়ে ডাক বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট অফিসে পার্সোনালাইজড পাসপোর্ট হস্তান্তর নিশ্চিত করা। | পাসপোর্ট বিতরণে নির্ধারিত সময়ের বেশী সময় লাগতে পারে। |
| ফেডারেল এক্সপ্রেস | [১.৩] নির্ধারিত সময়ে পার্সোনালাইজড পাসপোর্ট গ্রাহকের প্রাপ্তি নিশ্চিতকরণ হস্তান্তরকৃত পার্সোনালাইজড পাসপোর্ট | [১.৩.২] নির্ধারিত সময়ে ফেডারেল এক্সপ্রেস কর্তৃক সংশ্লিষ্ট বিদেশস্থ মিশনসমূহে হস্তান্তরকৃত পার্সোনালাইজড পাসপোর্ট। | ফেডারেল এক্সপ্রেস কর্তৃক সংশ্লিষ্ট বিদেশস্থ মিশনসমূহে পার্সোনালাইজড পাসপোর্ট হস্তান্তর নিশ্চিত করা। | নির্ধারিত সময়ে ফেডারেল এক্সপ্রেস কর্তৃক সংশ্লিষ্ট বিদেশস্থ মিশনসমূহে পার্সোনালাইজড পাসপোর্ট হস্তান্তর নিশ্চিত করা। | পাসপোর্ট বিতরণে নির্ধারিত সময়ের বেশী সময় লাগতে পারে। |